

বিডা'র নির্বাহী চেয়ারম্যানের সাথে সিডিসি গ্রুপের প্রতিনিধিদলের সাক্ষাৎ

ঢাকা (০৪ মে, ২০১৭):


যুক্তরাজ্যভিত্তিক উন্নয়ন অর্থ সংস্থা সিডিসি (CDC) গ্রুপের তিন সদস্যের একটি প্রতিনিধিদল আজ সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর নির্বাহী চেয়ারম্যান জনাব কাজী এম আমিনুল ইসলামের সাথে তাঁর দপ্তরে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের সদস্যরা হলেন সিডিসি গ্রুপের হেড অব কর্পোরেট ডেপুটি (ইনভেস্টমেন্ট ডিরেক্টর) জনাব রিচার্ড পালমার (Richard Palmer), কর্পোরেট ডেপুটি ইনভেস্টমেন্ট এক্সিকিউটিভ জনাব ডানিয়া সিদ্দিকি (Dania Siddiqui) এবং ডেপুটি ইনভেস্টমেন্ট ডিরেক্টর জনাব রাহুল শাহ (Rahul Shah)।

সিডিসি গ্রুপের প্রতিনিধিদল বিডা'র নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের নিকট বাংলাদেশের বর্তমান বিনিয়োগ পরিবেশ ও সম্ভাবনা, বাণিজ্য পরিস্থিতি, বৈদেশিক বিনিয়োগ প্রক্রিয়া, বিনিয়োগকারীদের এ সংক্রান্ত পদ্ধতিগত সহায়তা ও সার্বিক আইনি রূপরেখা বিষয়ে জানতে চান।

নির্বাহী চেয়ারম্যান প্রতিনিধিদলকে এ সম্পর্কে বিস্তারিত আলোকপাত করে বলেন, বর্তমানে বাংলাদেশে অতীতের যেকোন সময়ের তুলনায় ব্যবসা ও বিনিয়োগের পরিবেশ সবচেয়ে ভালো অবস্থানে রয়েছে। বাংলাদেশের ব্যবসা ও বিনিয়োগের পরিবেশ বিশ্বমানের করার লক্ষ্যে এ সেক্টরে বেশ কিছু সংস্কার উদ্যোগ নেয়া হয়েছে এবং তা দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে কাজ চলছে। “Ease of Doing Business” সূচকে বাংলাদেশের বর্তমান অবস্থান ১৭৬ থেকে আগামী ২০২১ সালের মধ্যে ডাবল ডিজিটে উন্নীত করার লক্ষ্যে বিডাসহ বাণিজ্য মন্ত্রণালয় সর্বাঙ্গিক প্রয়াস চালিয়ে যাচ্ছে। জনাব কাজী এম. আমিনুল ইসলাম ব্যবসার ক্ষেত্রে পদ্ধতি, সময় ও ব্যয় কমিয়ে আনার কথা উল্লেখ করে বলেন, আগে বিদ্যুৎ সংযোগ পেতে যেখানে ৪৬৫ দিন লাগত, তা এখন মাত্র ২৮ দিনে কমিয়ে আনা হয়েছে, তাছাড়া ব্যবসা শুরুর পদ্ধতিগত সংখ্যা ৯টি থেকে কমিয়ে ৫টিতে নামিয়ে আনা হয়েছে।

প্রতিনিধিদল বাংলাদেশের বিনিয়োগের ক্ষেত্রে সম্ভাবনাময়ী খাতের কথা জানতে চাইলে বিডা চেয়ারম্যান বলেন, বর্তমানে লেদার এন্ড ফুটওয়্যার, ফার্মাসিউটিক্যালস এবং স্মার্ট ম্যানুফ্যাকচারিং (বায়োটেকনোলজি, জেনেটিকস, প্রোডাক্টস এন্ড সার্ভিসেস, প্রভৃতি) খাতে বিনিয়োগের যথেষ্ট সুযোগ রয়েছে। সিডিসি গ্রুপ জানায়, তারা বাংলাদেশে আরো বেশী করে বিনিয়োগের চিন্তাভাবনা করছে।

উল্লেখ্য: প্রতিষ্ঠানটি দক্ষিণ এশিয়া ও আফ্রিকায় ব্যবসার সুযোগ ও ক্ষেত্র তৈরী করে লক্ষাধিক লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে এবং এ অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখছে। সিডিসি গ্রুপ ২০১১ সালে বাংলাদেশের প্রথম প্রাইভেট ইকুয়িটিফান্ড, ফ্রন্টিয়ার ফান্ডে ১০মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করে যা অনন্ত অ্যাপারেলস সহ বিভিন্ন কর্মসংস্থান সৃষ্টিকারী কোম্পানীতে বিনিয়োগ করা হয়েছে। সিডিসি গ্রুপ বাংলাদেশের অবকাঠামো খাতেও গুরুত্বপূর্ণ বিনিয়োগ করেছে যথাঃ গ্রামীণফোনকে থ্রিজি অবকাঠামো উন্নয়ন সহায়তা বাবদ ২৫ মিলিয়ন ডলার ঋণ প্রদান এবং বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির অংশ হিসেবে ঢাকার সন্নিকটে সিরাজগঞ্জ-৪ নামে নতুন ৪০০ মেগাওয়াট ডুয়েল ফুয়েল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ বাবদ ১০৩ মিলিয়ন ডলার ঋণ প্রদান।



(ফয়সল হাসান)

সিনিয়র তথ্য অফিসার

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

প্রধানমন্ত্রীর কার্যালয়।